



285528 - গরীবদেরকে এখন সদকা দিয়ে পরবর্তীতে যথাসময়ে যাকাত পরিশোধ করা উত্তম; নাকি অগ্রমি যাকাত দিয়ে দয়া উত্তম?

প্রশ্ন

আগামী রমযানে যাকাত পরিশোধের নরিদষ্টি সময়ের আগে যে সব মুসলমানদের এখনই প্রয়োজন তাদেরকে অগ্রমি যাকাত দিয়ে দয়া কিংবা যাকাতের অংশ বিশেষে দয়া কি জায়গে হবে? আমি যদি যাকাতের নয়তে দহি, পরবর্তীতে রমযান মাসে পরিপূরণ যাকাত পরিশোধ করি; এই অবস্থায় এটা কি সদকা হিসেবে গণ্য হবে? শরয়িতে কোনটা উত্তম?

প্রয় উত্তর

আলহামদু লিল্লাহ।

এক:

জমহুর (অধিকাংশ) আলমেরে নকিট যাকাত নরিদষ্টি সময়ের আগে অগ্রমি পরিশোধ করতে কোন বাধা নহে।

যাকাত অগ্রমি পরিশোধ করা জায়গে হওয়ার পক্ষে দললি হলো যা আবু উবাইদ আল-কাসমে বনি সাল্লাম 'আল-আমওয়াল' নামক গ্রন্থে (১৮৮৫) আলী (রাঃ) থেকে বর্ণনা করছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আব্বাস (রাঃ) থেকে দুই বছরের যাকাত অগ্রমি নিয়েছিলেন। আলবানী 'আল-ইরওয়া' গ্রন্থে (৩/৩৪৬) হাদিসটিকে হাসান বলছেন।

অন্য এক রেওয়াজতে এসছে:

আলী (রাঃ) থেকে বর্ণিত আছে যে, আব্বাস (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে যাকাতের নরিদষ্টি সময় আসার আগে অগ্রমি যাকাত পরিশোধ করার ব্যাপারে জিজ্ঞাসে করলে তিনি তাকে এ ব্যাপারে রুখসত (অবকাশ) দেন। [সুনানে তরিমযি (৬৭৩), সুনানে আবু দাউদ (১৬২৪), সুনানে ইবনে মাজাহ (১৭৯৫), শাইখ আহমাদ শাকরি 'তাহকীকুল মুসনাদে' (৮২২) হাদিসটিকে সহহি বলছেন।

কোন সন্দহে নাই যে, দরদির ও বাস্তুহারা মসিকীন এবং যাদের বাসস্থান ও সম্পদে দুর্যোগে নমেছে তারা যাকাতের হকদার। তাদের তীব্র প্রয়োজনের কারণে তাই যাকাত খাওয়ার অধিক উপযুক্ত।

আলমেদের অভিমতদ্বয়েরে মধ্যে অগ্রগণ্য হছে: যাকাত প্রদানকারীর এলাকার বাইরে যাকাত বণ্টন করা জায়গে।



দুই:

বশিবস্তু প্রতীষ্ঠানকে যাকাতের অর্থ গরীবদের কাছে পৌঁছে দেয়ার দায়িত্ব দয়া জায়গে।

এই ধরণের প্রতিনিধিত্ব এই শর্তে জায়গে: এই প্রতীষ্ঠানকে দায়িত্বশীলবর্গ যাকাত গ্রহণ করা ও গৃহীত সম্পদে সম্পূর্ণ অংশ যাকাত প্রাপক আট শ্রেণীর মধ্যে বণ্টন করা; যাদের কথা আল্লাহ তাআলা এই আয়াতে উল্লেখ করেছেন: “যাকাত হল কেবল ফকরি, মসিকীন, যাকাত আদায়কারী, যাদের চিত্ত আকর্ষণ প্রয়োজন তারা, দাস, ঋণগ্রস্ত, আল্লাহর পথে যারা আছে ও মুসাফরিদের জন্যে। এই হল আল্লাহর নির্ধারণিত বিধান। আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।” [সূরা তাওবা, আয়াত: ৬০]

আর যদি আপনি যে ব্যক্তি কিংবা প্রতীষ্ঠানকে দায়িত্ব দিয়েছেন সে প্রতীষ্ঠান কর্তৃক যাকাত বণ্টনের খাতগুলো নিশ্চিত করার ব্যাপারে ত্রুটির আশংকা করেন; উদাহরণতঃ তারা অমুসলিমদেরকে যাকাত দিবে, কিংবা তারা আটটি খাতে বাইরে অন্য কোন খাতে বণ্টন করবে তাহলে আপনি তাদেরকে নফল সদকার অর্থ দিতে পারেন।

ফরয যাকাত আপনি নিজেরটা নিজেরই আদায় করলেন; যাতে করে আপনি নিশ্চিত হতে পারেন যে, শরিয়ত অনুমোদিত খাতেই আপনি যাকাত দিয়েছেন।

তনি:

যদি আপনি এখন যাকাত পরিশোধ করার নিয়ত করেন; এরপর রমযান মাসে পুনরায় যাকাত পরিশোধ করেন তাহলে প্রথমবারেরটা আপনার ফরয ইবাদত। আপনি রমযান মাসে যা পরিশোধ করবেন সেটা আপনার নফল ইবাদত।

আর যদি বিষয়টা এমন হয় যে, তাৎক্ষণিক প্রয়োজন পূরণে জন্য অগ্রমি যাকাত আদায় করবেন নতুবা তাৎক্ষণিক প্রয়োজনের প্রতীভ্রুক্ಷে না করে সময়মত যাকাত আদায় করবেন; তাহলে সক্ষেত্রে উত্তম হলো: উদ্ভূত প্রয়োজন পূরণে অগ্রমি যাকাত আদায় করা।

আর যদি আপনার অতিরিক্ত সম্পদ থেকে অভাবী প্রয়োজন পূরণ করা কিংবা তাকে সহযোগিতা করে সেটাকে সদকা হিসেবে গণ্য করা সম্ভবপর হয় এবং পরবর্তীতে যাকাতের বর্ষপূর্তির পর নির্দিষ্ট সময়ে যাকাত পরিশোধ করতে পারেন তাহলে নিঃসন্দেহে সেটাই উত্তম। এভাবে আপনি সব উত্তম বৈশিষ্ট্যের অধিকারী হলেন। আপনার অতিরিক্ত সম্পদ থেকে অন্যেরে বর্ষপূর্তি দূর করা ও অভাব পূরণে সহযোগিতা করলেন। এরপর আপনি নির্ধারণিত সময়ে আপনার সম্পদে যাকাত পরিশোধ করলেন এবং রমযান মাসে বহুগুণ সওয়াব বৃদ্ধির বরকত লাভ করলেন; যা আপনার যাকাতের বর্ষপূর্তির মধ্যে পড়ে; যমেনটি আমরা আপনার প্রশ্ন থেকে বুঝতে পেরেছি।

আল্লাহই সর্বজ্ঞ।